

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৬.০১২.২৩.৪৪৮

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪৩০

০৬ ডিসেম্বর ২০২৩

বিষয়: এলজিইডি ও ডিপিএইচই কর্তৃক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মিত নতুন ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ ও ওয়াশরুমের ডিজাইন, প্রাক্কলন ও সিডিউলের কপি সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (জিপিএস), চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (এনএনজিপিএস)-এর আওতায় সারাদেশে বিপুল সংখ্যক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ ও ওয়াশরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নির্মিত অবকাঠামোর প্রাক্কলন, ডিজাইন ও সিডিউল এর কপি এলজিইডি ও ডিপিএইচই কর্তৃক বিদ্যালয়ে যথাসময়ে সরবরাহ করা হচ্ছে না অথবা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সংগ্রহ/সংরক্ষণ করা হচ্ছে না। পরবর্তী সময়ে ভবন সম্প্রসারণে জটিলতা দেখা দিচ্ছে। বর্ণিতাবস্থায়, যেসকল বিদ্যালয়ে এলজিইডি ও ডিপিএইচই কর্তৃক নতুন ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ ও ওয়াশরুম নির্মাণ করা হচ্ছে তার ডিজাইন, প্রাক্কলন ও সিডিউল এর কপি সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, এলজিইডি ও ডিপিএইচই কর্তৃক নির্মিত ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ ও ওয়াশরুমের ডিজাইন, প্রাক্কলন ও সিডিউলের কপি সংগ্রহপূর্বক ভবিষ্যতে যেকোন প্রয়োজনে ব্যবহার করা যায় নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তরে স্থায়ীভাবে সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।



৬-১২-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

পরিচালক

ফোন: ৫৫০৭৪৯৩৮

ইমেইল: dirplandpe@gmail.com

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) -----

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৬.০১২.২৩.৪৪৮/১

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪৩০

০৬ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৩) প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (জিপিএস), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৪) প্রকল্প পরিচালক, চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (এনএনজিপিএস), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), উপজেলা -----
- ৮) উপজেলা প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, -----
- ৯) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ১০) প্রধান শিক্ষক (সকল), ----- বিদ্যালয়, -----।



৬-১২-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান
পরিচালক